

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৩. ১. ৭. যুদ্ধে লুষ্ঠিত দ্রব্য চুরির কারণে চোর ও নিরপরাধদের হত্যা

পরবর্তী আলোচনায় আমরা দেখব যে, ঈশ্বরের নির্দেশে যিহোশূয়/ ইউশা জেরিকো শহর ধ্বংস করেন, সকল মানুষ ও পশু হত্যা করেন এবং সকল বস্তু পুড়িয়ে দেন। আখন (A'chen) নামক একজন ইসরাইলীয় যোদ্ধা নিহত শক্রদের কিছু দ্রব্য চুরি করে। এ অপরাধে ঈশ্বর নিজের ঈমানদার বান্দাদের মধ্য থেকে ছত্রিশ জনের হত্যার ব্যবস্থা করেন। পরে চোর নিজের অপরাধের অকপট স্বীকারোক্তি দিলে ঈশ্বরের নির্দেশে ইসরাইলীয়রা চোর আখনকে, তার ছেলেমেয়ে, তার পরিবারের সবাইকে পাথর মেরে হত্যা করেন এবং তাদের ব্যবহৃত দ্রব্যাদির সাথে তাদের গরু, গাধা, ভেড়া ইত্যাদি সকল প্রাণিও পুড়িয়ে ফেলেন। (ইউসা/ যিহোশূয় ৭ অধ্যায়)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14530

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন